গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২১/হিসাব/এন-১/৯২(২৫)

তারিখ : ২০/০৯/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ২য় মেধা তালিকায় নির্বাচিত এবং ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন সম্পর্কিত ভর্তি বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ২য় মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত এবং ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন সম্পর্কিত কার্যক্রম নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে।

উত্তীর্ণ প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd /admissions এর মাধ্যমে ফরম সংগ্রহ ও প্রিন্ট পূর্বক ২০/০৯/২০২১ থেকে ২৬/০৯/২০২১ তারিখের মধ্যে ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদেরকে কলেজ কর্তৃক নির্ধারিত সোনালী- ই- সেবা- এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি, সেশন ফি ও কলেজের অন্যান্য ফি জমা দেওয়ার পর স্ব- স্ব বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিয়ে শ্রেণি রোল সংগ্রহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রযোজ্য কাগজপত্রাদি :

০১। ওয়েব সাইটে পুরণকৃত ভর্তি ফরম ও অন্যান্য কাগজপত্রাদি ০২ সেট দাখিল করতে হবে।
০২। সোনালী- ই- সেবার মাধ্যমে টাকা জমা দেওয়ার রশিদ।
০৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার মূল নম্বরপত্র ও সত্যায়িত কপি।
০৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি।
০৫। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার পাশের প্রশংসা পত্রের সত্যায়িত কপি।
০৬। ০৫টি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)।

১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তি ফিসের (৪ বছরের সেমিনার ফিসহ) মোট টাকার পরিমাণ

বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)	বিএসসি (অনার্স)
মোট টাকা = ৪৩১০/-	মোট টাকা = ৫০১০/-

বিষয় পরিবর্তনের ক্ষেত্রে

১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে অবশ্যই পরিবর্তিত বিষয়ের ফরম ডাউনলোড করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। বিএ/বিএসএস/বিবিএ বিষয়ের যেসব শিক্ষার্থীদের বিএসসি বিষয়ে বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে সেমিনার ও ল্যাবরেটরী ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা সোনালী ব্যাংক লি: মানিকগঞ্জ শাখায়, জমা দিয়ে জমার রশিদ ভর্তি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। (টাকা জমা দেওয়ার রশিদ কলেজের হিসাব শাখা থেকে সংগ্রহ ও যাচাই করে নিতে হবে)

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

২০/০৯/২১

আহবায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২০-২০২১
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

বি.দ্র: সরকারি বিধি মোতাবেক সকলকে মাস্ক পরিধান করে আসতে হবে এবং অবশ্যই কোভিট-১৯ এর স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।